

# ■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১১৭৬

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ৩০. দ্বিতীয় অনুচ্ছেদ - সুন্নাত ও এর ফ্যীলত

### আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «إدبار النُّجُوم الركعتان قبل الْفجْر وأدبار السُّجُود الركعتان بعد الْمغرب» . رَوَاهُ التِّرْمِذِي

#### বাংলা

১১৭৬-[১৮] 'আবদুল্লাহ ইবনু 'আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রস্লুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ইরশাদ করেছেনঃ 'ইদবা-রুন নুজুম', দ্বারা ফজরের (ফজরের) পূর্বে দু' রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) ও 'ইদ্বারুস সুজুদ' দ্বারা মাগরিবের ফর্য সালাতের পরের দু' রাক্'আত সালাত (সালাত/নামায/নামাজ) বুঝানো হয়েছে। (তিরমিযী)[1]

## ফুটনোট

[1] য'ঈফ: আত্ তিরমিয়ী ৩২৭৫, য'ঈফাহ্ ২১৭৮, য'ঈফ আল জামি' ২৪৮। কারণ এর সানাদে রিশদীন ইবনু কুরায়ব সর্বসম্মতক্রমে একজন দুর্বল রাবী।

#### ব্যাখ্যা

ব্যাখ্যা: (الرَّكْعَتَانِ قَبْلُ الْفَجْرِ) ফাজরের (ফজরের) পূর্বে দুই রাক্'আত অর্থাৎ ফজরের (ফজরের) ফর্য সালাতের পূর্বে দুই রাক্'আত সুন্নাত। অনুরূপ (الرَّكْعَتَانِ بَعْدَ الْمَغْرِبِ) মাগরিবের ফার্যের (ফর্যের/ফরজের) পর দুই রাক্'আত সুন্নাত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন